



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ জুন ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## গণসংহতি আন্দোলনের সমন্বয়ক জোনায়েদ সাকির উপর হামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সহসভাপতি নতুন কুমার চাকমা আজ ৮ জুন ২০২২ বুধবার এক বিবৃতিতে গতকাল চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে সীতাকুণ্ডের বিএম কন্টেইনার ডিপোতে ভয়াবহ বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডে হতাহতদের দেখতে গেলে গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি ও সংগঠনটির চট্টগ্রাম শাখার সমন্বয়ক হাসান মারুফসহ তাদের সহযোগীদের উপর শাসক দলের ছাত্র সংগঠন ছাত্র লীগের কর্মীদের পরিচালিত শারীরিক হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

উক্ত হামলাকে সরকারের ফ্যাসিস্ট, অগণতান্ত্রিক ও পরমত-অসহিষ্ণু মানসিকতার নগ্ন বহিঃপ্রকাশ বলে মন্তব্য করে ইউপিডিএফ নেতা অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার পূর্বক আইনানুগ শাস্তি প্রদানের দাবি জানান।

এ প্রসঙ্গে নতুন কুমার চাকমা সীতাকুণ্ডের বিএম ডিপোতে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের ঘটনাকে সরকারের লাগামহীন দুর্নীতি, অনিয়ম ও অব্যস্থাপনার ফল বলে অভিহিত করেন এবং অবিলম্বে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধান ও দায়ীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।